urban advantage

science initiative

ফ্যামিলি গাইড

2020-2021

urbanadvantagenyc.org

সন্তানকে নিয়ে নিউ ইয়র্ক সিটির চিড়িয়াখানা, জাদুঘর, বোটানিক্যাল গার্ডেন ও অ্যাকুয়ারিয়ামে বিজ্ঞান অনুসন্ধিৎসার এক ফ্রি সুযোগ।

প্রিয় আরবান অ্যাডভানটেজ ফ্যামিলি,

অভিনন্দন! আপনার সন্তানের স্কুল 'আরবান অ্যাডভানটেজ' নামে- একটি স্কুল সায়েন্স উদ্যোগে অংশগ্রহণ করছে। আপনার সন্তানের জন্য নিউ ইয়র্ক সিটির বিজ্ঞান-সমৃদ্ধ সাংস্কৃতিক প্রতিষ্ঠানসমূহের অভিজ্ঞতা লাভের ও স্কুলের বাইরে বিজ্ঞানের অভিজ্ঞতা অর্জনে নিয়োজিত হওয়ার এটি অসাধারণ একটি সুযোগ। আপনার সন্তানকে সঙ্গে নিয়ে পুরো পরিবার সিটির জাদুঘর, চিড়িয়াখানা, বটানিক্যাল গার্ডেন, এবং NYCDOE অ্যাকুয়ারিয়ামে আনন্দ উপভোগের সুযোগ পাবে। এই বুকলেট প্রোগ্রামের বর্ণনা এবং কীভাবে পরিবারের সবাই এসব আটটি 'আরবান অ্যাডভানটেজ' বিজ্ঞানসমৃদ্ধ সাংস্কৃতিক প্রতিষ্ঠানের যে কোনোটিতে ফ্রি প্রবেশের সুযোগটি ব্যবহার করতে পারবেন, তার ব্যাখ্যা দেবে।

আরবান অ্যাডভানটেজ কী?

আরবান অ্যাডভানটেজ বিজ্ঞান শিক্ষা ও গবেষণায় সহায়তা প্রদানকারী একটি সিটিব্যাপী প্রোগ্রাম। আরবান অ্যাডভানটেজ স্কুল, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী ও পরিবারের সবাইকে আটটি খ্যাতিমান বিজ্ঞানসমৃদ্ধ সাংস্কৃতিক প্রতিষ্ঠানসসমূহে অনুষ্ঠিত উদ্দীপনাময় বৈজ্ঞানিক উদ্ভাবনা ও শিক্ষণের সাথে সংযুক্ত করে।

শিক্ষার্থী ও পরিবারের সবার জন্য ফ্রি প্রবেশের সুযোগ প্রদান ছাড়াও আরবান অ্যাডভানটেজ বিজ্ঞান শিক্ষকদেরকে NYC-এর বিজ্ঞান-সমৃদ্ধ জাদুঘর, চিড়িয়াখানা, বটানিক্যাল গার্ডেনের বিভিন্ন রিসোর্স ব্যবহার করে বিজ্ঞান গবেষণার জন্য প্রস্তুত করে এবং ক্লাসরুমে শিক্ষার্থীদের প্রজেক্ট চালু রাখায় সহায্য করার জন্য যন্ত্রপাতি ও সহায়ক সামগ্রী প্রদান করে।

COVID-19 মহামারিকে কীভাবে মোকাবেলা করবেন

আরবান অ্যাডভানটেজ এবং এর অংশীদার প্রতিষ্ঠানসমূহ আমাদের অংশগ্রহণকারীদের স্বাস্থ্য এবং সুরক্ষা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের UA অংশীদারগণ আমাদের শিক্ষার্থী এবং পরিবারের জন্য বিজ্ঞান-ভিত্তিক রিমোট লার্নিং সুযোগ তৈরির কাজে আপনার স্কুলের মতো অন্য স্কুলগুলির সাথেও কাজ করছে। স্কুল এবং পরিবারগুলি প্যান্ট ট্রিভিয়া অথবা ওয়েদার বিংগোর মতো স্থান পরিদর্শনের অভিজ্ঞতা উপভোগ করতে পারে, যা আনন্দ এবং বিজ্ঞানের বিষয়কে একজন UA বিজ্ঞান ইনস্ট্রাক্টরের সহায়তায় আপনার বাড়িতে আনতে পারে। আমাদের UA পার্টনারদেরও অনেক বাড়তি অনলাইন রিসোর্স রয়েছে যার মধ্যে আছে ব্রংক্স জু, নিউ ইয়র্ক অ্যাকুয়ারিয়াম এবং স্ট্যাটেন আইল্যান্ড জু-এর লাইভ অ্যানিমেল ক্যামেরা। রিমোট লার্নিংয়ে সহায়তাদানে লাইভ অনুষ্ঠান, ভার্চুয়াল সফর এবং অন্যান্য ডিজিট্যাল উপকরণ খুঁজে নিতে UA ওয়েবসাইট https://www.urbanadvantagenyc.org/ua-remote-learning/, ইউটিউব এবং সামাজিক মিডিয়াসমূহ চেক করুন। এছাড়া, IN-PERSON (সশরীরে) পরিদর্শনের জন্য, UA স্টুডেন্ট+3 ভাউচারও সীমিত সংখ্যায় লভ্য! আরও তথ্যের জন্য এবং কীভাবে সশরীরে পরিদর্শনের জন্য ভাউচার পাওয়া যায়, সেটি জানতে আপনার সন্তানের UA বিজ্ঞান শিক্ষক, অথবা আপনার প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

স্থানীয়, স্টেট, এবং ফেডারেল এজেন্সিসমূহের গবেষণা এবং গাইডলাইন ব্যবহার করে, আমাদের UA বিজ্ঞান প্রতিষ্ঠানগুলি কিছু সুরক্ষা প্রক্রিয়া তৈরি করেছে এবং স্থানের (সংস্কার) পরিবর্তন ঘটিয়েছে যাতে পরিবারগুলি স্টুডেন্ট+3 ভাউচার ব্যবহার করে আমাদের ঐ স্থানগুলি নিরাপদভাবে উপভোগ করতে পারে। আপনি প্রতিটি স্থান বর্তমানে কোন্ সময়গুলিতে খোলা থাকবে সেই তথ্যসহ রিজারভেশনের তথ্যও এই গাইডের 4-7 পৃষ্ঠায় দেখতে পারেন।

কোন্ স্থানগুলো আমরা পরিদর্শন করতে পারি? সেগুলো কোথায়?

পাঁচ বরোর সবখানে অবস্থিত আটটি প্রতিষ্ঠান হলো আমেরিকান মিউজিয়ম অভ ন্যাচারাল হিস্টরি, দি ব্রংক্স জু, দি ব্রুকলিন বোটানিক গার্ডেন, দি নিউ ইয়র্ক অ্যাকুরিয়াম, দি নিউ ইয়র্ক বোটানিকেল গার্ডেন, দি নিউ ইয়র্ক হল অভ সায়েন্স, দি কুইন্স বটানিক্যাল গার্ডেন, এবং দি স্ট্যাটেন আইল্যান্ড জু। বুকলেটে আপনি সবগুলো প্রতিষ্ঠানের সময়সূচি, যোগাযোগের তথ্য এবং প্রবেশ সংক্রান্ত বিস্তারিত বিবরণ ও অতিরিক্ত গুরুত্বপূর্ণ তথ্য পাবেন।

.

আমাদের UA পার্টনারগণ কোন্ ধরনের বিষয়ের সুযোগ প্রদান করে?

নিউ ইয়র্কের বিশ্ব মানের সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলো দেখা, উপভোগ করা এবং বিজ্ঞান নিয়ে কাজ করার সেরা স্থান। উদাহরণস্বরূপ:

- 3-D স্পাইডার ওয়েব (মাকড়সার জাল) বেয়ে পদার্থ বিজ্ঞান নিয়ে গবেষণা করুন বা **নিউ ইয়র্ক হল অভ সায়েন্স**-এর আউটডোর সায়েন্স প্লেগ্রাউন্ডের স্লাইডে প্রতিযোগিতা করুন।
- **নিউ ইয়র্ক বোটানিকেল গার্ডেন**-এর কনজারভেটরিতে একটি "একো-ট্যুর"-এ ভ্রমণ করুন কিংবা এর 250 একর বিস্তৃত প্রাচীন প্রাকৃতিক বন আবিষ্কার করুন।
- **দি স্ট্যাটেন আইল্যান্ড জু**-তে 'রেপটাইল উইং'-এ সরীসৃপ ও উভচরদের রাজত্ব সম্পর্কে জানুন কিংবা বানর, বাঁদুর ও পাখি দেখার জন্য 'ট্রপিক্যাল ফরেস্ট'-এ ঘুরে আসুন। খামার বাড়ি দেখুন এবং নিজ হাতে প্রাণীদের খেতে দিন।
- **কুইন্স বটানিক্যাল গার্ডেন**-এর নতুন "গ্রিন" ভিজিটর অ্যান্ড এডমিশন সেন্টার কীভাবে একই আকৃতির প্রচলিত ধারার ভবনের চাইতে 40% কম জ্বালানি এবং 80% কম পানি ব্যবহার করছে? সে উত্তর জানার এবং আরও অনেক কিছুর জন্য QBG দেখে আসুন।
- আপনার সন্তান যদি পাথর ও গ্রহতারকা সম্পর্কে আগ্রহী হয়, কিংবা যদি সে বহির্বিশ্বে নতুন কি আছে তা জানতে চায়, তাহলে আমেরিকান মিউজিয়ম অভ ন্যাচারাল হিস্টরি দেখে আসুন।
- ক্ষুদ্রাকৃতির বনসাঁই গাছ থেকে সুউচ্চ ম্যাপল গাছের বিশেষ সংগ্রহ দেখুন ব্রুকলিন বটানিক গার্ডেন-এ কিংবা স্টেইনহার্ড কনজারভেটরিতে বৈচিত্র্যপূর্ণ আবাসন দেখুন।
- আমেরিকার সর্ববৃহৎ শহুরে চিড়িয়াখানা ব্রংক্স জু দেখুন এবং বিশ্বের বিভিন্ন এলাকার 600-এরও অধিক প্রজাতির প্রাণী পর্যবেক্ষণ করুন। বৈচিত্র্যমণ্ডিত প্রাণী, পাখি, সরিসৃপ, কীটপতঙ্গের সামনা-সামনি হোন।

আপনার পরিবারকে **নিউ ইয়র্ক অ্যাকুরিয়াম**-এ সমুদ্র বিজ্ঞানে নিমজ্জিত করুন এবং রঙিন মাছ, হেলেদুলে চলা পেঙ্গুইন, গুরুভার সিন্ধুঘোটক, এবং নানান সামূদ্রিক প্রাণীর মুখোমুখী করুন। এছাড়াও নতুন সামূদ্রিক বিস্ময় দেখতে ভুল করবেন না: হাঙর! প্রদর্শনসামগ্রী!

এবং সেটা হলো মাত্র শুরু। যেখানেই যান না কেন, আপনার পরিবার বিভিন্ন আনন্দ উদযাপন, কর্মসূচি এবং বিশেষ অনুষ্ঠান এবং প্রচুর উপভোগ্য জিনিস দেখা ও করার সুযোগ পাবে সেটি নিশ্চিত।

www.urbanadvantagenyc.org ঠিকানায় UA ওয়েবসাইট দেখুন এবং স্পেশাল প্রোগ্রাম এবং অনুষ্ঠানের জন্য 'প্ল্যান ইওর ট্রিপ' সেকশনে ক্লিক রুন।

আমরা কয়টি স্থান দেখতে পারবো?

যেকোন অংশগ্রহণকারী মিউজিয়াম, চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন এবং অ্যাকুরিয়ামে প্রবেশের জন্য UA শিক্ষার্থীদেরকে ডিজিট্যালি লভ্য দুটি (2) করে শিক্ষার্থী+3 ফ্রি অ্যাডমিশন ভাউচার দেয়া হবে। প্রতিটি ভাউচার শিক্ষার্থী ও **তিনজন পর্যন্ত অতিথি** প্রবেশের সুযোগ দেবে। একজন অতিথিকে অবশ্যই প্রাপ্ত বয়স্ক হতে হবে। আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটর ঐসব ভাউচার লাভে সহায়তা দেবেন, এবং আপনাকে সফর আয়োজনে সহায়তাও করতে পারেন।

স্কুল কম্যুনিটি ট্রিপ কী?

আরবান অ্যাডভানটেজ স্কুলগুলি কোনো এক উইকএন্ড বা স্কুল বন্ধের দিন একটি স্কুল কম্যুনিটি ট্রিপ আয়োজন করে। ফ্রি যাতায়াত ও ফ্রি প্রবেশের সুযোগ দেওয়া হয়। অনুগ্রহ করে জেনে রাখুন 2020-2021 শিক্ষা বছরে, সশরীরে স্কুল কম্যুনিটি ট্রিপ করা যাবে না, এবং এগুলি সব অনলাইন ফরম্যাটে করা হবে। অনুগ্রহ করে স্কুল কম্যুনিটি ফিল্ড ট্রিপ সম্পর্কে আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক বা প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছ থেকে জেনে নিন!

প্রতিষ্ঠানগুলো কি আমার সন্তানকে তার বিজ্ঞান গবেষণায় সহায়তা করতে পারে?

হ্যাঁ! শিক্ষার্থীরা UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখতে এবং শিক্ষার্থী সহায়তা ইমেইল ফর্মে-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করতে পারে

আমি কীভাবে বিজ্ঞান শিক্ষায় আমার সন্তানকে সহায়তা দিতে পারি?

বাড়িতে:

- আপনার সন্তানকে তার বিজ্ঞানের জ্ঞান সম্প্রসারণের জন্য তাকে পর্যবেক্ষণ করতে, প্রশ্ন করতে এবং পরীক্ষণ করতে উৎসাহিত করুন! বাড়িতে এবং বাড়ির বাইরে খেলাধুলা এবং পার্ক, মিউজিয়াম, চিড়িয়াখানা ও অ্যাকুয়ারিয়ামে, বাগানে, ন্যাচার সেন্টারে, এবং আপনার কম্যুনিটির অন্যান্য বিজ্ঞান-সমৃদ্ধ স্থানে ঘন ঘন যেতে দিয়ে বিজ্ঞান শিক্ষার সুযোগ দিবেন।
- আপনার সন্তানের উৎসাহ ও আগ্রহের উপর ভিত্তি করে, কিংবা গবেষণার জন্য প্রয়োজনীয় ডেটা সংগ্রহের জন্য UA প্রতিষ্ঠানগুলো পরিদর্শনের পরিকল্পনা করুন।
- পড়ার ও বিজ্ঞান গবেষণার জন্য আপনার সন্তানকে লাইব্রেরিতে নিয়ে যাবেন। বই, সংবাদপত্র ও ম্যাগাজিন, যেমন National Wildlife কিংবা Natural History, ভালো তথ্যের উৎস।

আপনার সন্তানের শিক্ষা সংশ্লিষ্ট বিষয়ে অংশীদার হোন:

- সন্তানের ও তার শিক্ষকের সাথে নিয়মিত যোগাযোগ রাখুন।
- আপনার সন্তানের সাথে ভার্চুয়াল মিটিং এবং কর্মকাণ্ডে যোগ দিন।
- অনলাইন স্কুল টাউন হল এবং ফ্যামিলি সায়েন্স নাইটগুলিতে যোগ দিন। রিমোট এনগেজমেন্ট এবং এনরিচমেন্টের জন্য যেসব সুযোগ রয়েছে সেগুলি জানতে আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

আরবান অ্যাডভানটেজ কীভাবে সহায়তা করতে পারে?

- UA প্রতিষ্ঠানসমূহ ফ্রি পরিদর্শন করতে শিক্ষার্থী+3 জনের ভাউচার ব্যবহার করুন। আপনার কোনো প্রশ্ন থাকলে আপনার সনআনের বিজ্ঞান শিক্ষকের সাথে কথা বলুন।
- চিড়িয়াখানা, অ্যাকুয়ারিয়াম, এবং গার্ডেনগুলিতে UA স্কুল কম্যুনিটি ট্রিপ সম্পর্কে আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক বা স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছে জিজ্ঞাসা করুন। দীর্ঘমেয়াদী বিজ্ঞান গবেষণা এবং বিশেষ অনুষ্ঠান ও আটটি আরবান অ্যাডভানটেজ-এর অংশীদার প্রতিষ্ঠানসমূহের প্রদর্শনী সম্পর্কে আরও জানতে UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন।
- ইমেইলে ব্যক্তিক বিজ্ঞান গবেষণায়ও সহায়তার ব্যবস্থা আছে: UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন ও সহায়তা ইমেইল ফর্মে-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।

আমি আরবান অ্যাডভানটেজ পরিদর্শন পরিকল্পনা তৈরির জন্য **কোথায় প্রতিষ্ঠানগুলো সম্পর্কে তথ্য পেতে পারি?**

আমেরিকান মিউজিয়ম অভ ন্যাচারাল হিস্টরি

amnh.org

ফোন: 212-769-5100

সময়সূচি: বুধবার থেকে রবিবার সকাল 10:00. – বিকাল 5:30, থ্যাংকস্গিভিং ও ক্রিস্টম্যাস ডে উপলক্ষ্যে বন্ধ।
প্রবেশ তথ্য পেতে: www.amnh.org/plan-your-visit সাইট দেখুন।

ভাউচার সম্পর্কিত তথ্য: ভাউচার সাধারণ অ্যাডমিশন এবং একটি স্পেশাল প্রদর্শনীর জন্য বৈধ। সকল লভ্য প্রদর্শনীয় সামগ্রী দেখতে AMNH ওয়েবসাইট দেখুন।
রিজার্ভকৃত টিকেট আবশ্যক।

শিক্ষার্থী সহায়তা: শিক্ষার্থীরা UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখতে ও সহায়তা ইমেইল ফর্মে-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করতে পারে।.

ব্রংক্স জু

bronxzoo.com

ফোন: 718-220-5100

সময়সূচি: প্রতিদিন 10:00-5:00 পর্যন্ত খোলা

আপনার UA ভাউচার ব্যবহার করে ব্রংক্স জু-এর সময় নির্ধারিত টিকেট রিজার্ভ করতে https://tickets.wcs.org/affiliate?vid=5&vs=1 ঠিকানায় যান। টিকেট রিজার্ভ করার জন্য (সহায়তার জন্য আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সহায়তা নিন) আপনার ভাউচার নম্বর এবং স্কুলের নামের প্রয়োজন হবে।

চিড়িয়াখানা থ্যাংক্সগিভিং যে, ক্রিস্টম্যাস ডে, এবং মারটিন লুথার কিং জুনিয়র ডে উপলক্ষ্যে বন্ধ থাকে।

ভাউচার সম্পর্কিত তথ্য: ভাউচার একজন UA শিক্ষার্থী এবং অন্য 3 জনের জন্য ব্যবহারযোগ্য, এছাও নিম্নলিখিতগুলোর একটি প্রদর্শনীতে ব্যবহারযোগ্য: জাঙ্গল ওয়ার্ল্ড (সারা বছর), ওয়াইল্ড এশিয়া মনোরেল (মার্চ-অক্টোবর), বাটারফ্লাই গার্ডেন (এপ্রিল-অক্টোবর), কিংবা কংগো গরিলা ফরেস্ট (এপ্রিল-ডিসেম্বর)। পার্কিং অন্তর্ভুক্ত নয়।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন এবং লিংকের জন্য "Do Science" শিরোনামে ক্লিক করুন্।

ব্রুকলিন বোটানিক গার্ডেন

bbg.org

ফোন: 718-623-7200

সময়সূচি: মার্চ - অক্টোবার মঙ্গলবার - রবিবার সকাল 10am-টা - বিকাল 6pm-টা

আপনার সময় নির্ধারিত প্রবেশপত্র কীভাবে রিজার্ভ করতে হবে, তা জানতে https://www.bbg.org/visit সাইট দেখুন।

ভাউচার সম্পর্কিত তথ্য: আমাদের বৃক্ষ সংগ্রহ, মওসুমী সংবাদ জানতে www.bbg.org এবং শরতে আমাদের চিলি পেপার ফেস্টিভেল ও বসন্তে সাকুরা মাটসুরি, চেরি ব্লসম ফেস্টিভেলসহ বিশেষ কর্মসূচি এবং ও প্রদর্শন সম্পর্কে জানতে হলে অনুগ্রহ করে

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন ও সহায়তা ইমেইল ফর্মে-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।

নিউ ইয়র্ক বোটানিকেল গার্ডেন nybg.org

ফোন: 718-817-8700

সময়সূচি: গার্ডেন সকাল 10 a.m.– বিকাল 5 p.m পর্যন্ত খোলা, মঙ্গলবার থেকে রবিবার, এবং সোমবার ফেডারেল ছুটির দিনগুলিত (ঐসব সোমবার যেদিনগুলিতে স্কুল বন্ধ থাকে যেমন মেমোরিয়াল ডে, কলাম্বাস ডে ইত্যাদি।)।
2021 -এর ফেডারেল ছুটির দিনগুলি দেখতে এখানে ক্লিক করুন।

ভাউচার সম্পর্কিত তথ্য: আপনার ভাউচার অ্যাডমিশন/টিকেটিং-এ ব্যবহার করে আপনি গার্ডেনটি পরিদর্শন করতে পারেন।
কোন রিজার্ভেশনের প্রয়োজন নেই।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন ও সহায়তা ইমেইল ফর্মে-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।

নিউ ইয়র্ক অ্যাকুরিয়াম
nyaquarium.com

ফোন: 718-265-FISH (3474)

সময়সূচি: প্রতিদিন সকাল 10:00টার সময় খুলে, বন্ধের সময় মওশুম অনুযায়ী ভিন্ন হয়।

ভাউচার সম্পর্কিত তথ্য: আপনার UA ভাউচার ব্যবহার করে NY অ্যাকুয়ারিয়ামের সময় নির্ধারিত টিকেট রিজার্ভ করতেhttps://tickets.wcs.org/affiliate?vid=5&vs=1 to reserve ঠিকানায় যান। টিকেট রিজার্ভ করার জন্য (সহায়তার জন্য আপনার সন্তানের বিজ্ঞান শিক্ষক অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের সহায়তা নিন) আপনার ভাউচার নম্বর এবং স্কুলের নামের প্রয়োজন হবে।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন ও সহায়তা ইমেইল ফর্মে-এর লিংক পেতে "Do Science" লিংকে ক্লিক করুন।

নিউ ইয়র্ক হল অভ সায়েন্স (New York Hall of Science)

nysci.org

ফোন: 718-699-0005

সময়সূচি: নতুন নোটিস না দেয়া অবধি বন্ধ, হালনাগাদ তথ্যের জন্য https://nysci.org/ দেখুন।

ভাউচার সম্পর্কিত তথ্য: NYSCI পুনরায় খোলার আয়োজন করার পাশাপাশি তাদের স্পেশাল প্রদর্শনযোগ্য সামগ্রী সম্পর্কিত আরও তথ্য প্রদান করবে। হালনাগাদ তথ্যের জন্য তাদের ওয়েবসাইট দেখুন, অথবা আপনার সন্তানের UA সায়েন্স শিক্ষক অথবা প্যারেন্ট কোঅর্ডিনেটরের কাছে খোঁজ নিন।

শিক্ষার্থী সহায়তা:

UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন এবং

লিংকের জন্য “Do Science” শিরোনামে ক্লিক করুন্।

কুইন্স বোটানিক্যাল গার্ডেন

queensbotanical.org

ফোন: 718-886-3800

সময়সূচি: সর্বসাম্প্রতিক তথ্যের জন্য https://queensbotanical.org/hours_admission/. সাইট দেখুন।

ভাউচার সম্পর্কিত তথ্য: 1 এপ্রিল – 1 অক্টোবর পর্যন্ত প্রবেশ করতে ভাউচার আবশ্যক এবং তা মেইন স্ট্রিটে পার্কিং গার্ডেনের প্রবেশ পথে দেখাতে হবে। প্রবেশ ফ্রি 1 নভেম্বর থেকে 30 মার্চ পর্যন্ত, তবে কিছু বিশেষ অনুষ্ঠানের জন্য ভাউচার ব্যবহার করা যাবে। নতুন! ভাউচার দিয়ে ভার্চ্যুয়াল এবং সশরীরে অভিজ্ঞতা লভ্য।

শিক্ষার্থী সহায়তা: UA ওয়েবসাইট www.urbanadvantagenyc.org দেখুন এবং

লিংকের জন্য “Do Science” শিরোনামে ক্লিক করুন্।

স্ট্যাটেন আইল্যান্ড চিড়িয়াখানা:
statenislandzoo.org
ফোন: 718-442-3101
সময়সূচি: প্রতিদিন সকাল 10:00টা – বিকাল 4:45টা
শুধু বাইরের স্থানগুলি এখন খোলা।
ভাউচার সম্পর্কিত তথ্য: সময় নির্ধারিত টিকেন রিজার্ভ করতে: https://statenislandzoo.doubleknot.com/event/ day/timed-ticketing/23842. সাইটে যান। আপনার ভাউচার ব্যবহার করে চেকআউটে UAS+3 ডিসকাউন্ট কোড এন্টার করুন। পরিদর্শনের দিনে আপনাকে জু-তে আপনার ভাউচার আনতে হবে।
পরিদর্শনের সময় কী প্রত্যাশা করা হয় সেসম্পর্কিত তথ্য দেখতে, দেখুন: http://www.statenislandzoo.org/what-to-expect/ **শিক্ষার্থী সহায়তা:** UA ওয়েবসাইট দেখুন www.urbanadvantagenyc.org এবং শিক্ষার্থী সহায়তা ইমেইল ফর্মে-এর লিংক পেতে বিজ্ঞান গবেষণা লিংকে ক্লিক করুন।

আরবান অ্যাডভানটেজ কর্মসূচির প্রতি জন-সমর্থন জোগান স্পিকার ও সিটি কাউন্সিল অভ নিউ ইয়র্ক এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন।

Urban Advantage Partners

American Museum of Natural History

Bronx Zoo
A Wildlife Conservation Society Park

Brooklyn Botanic Garden

NY Aquarium
Support·Rebuild·Transform

NYBG

nysci
New York Hall of Science

Queens Botanical Garden
Where people, plants, and cultures meet

Zoo
Staten Island Zoo

NYC
Department of Education

NYC
Office of the Mayor

The Council of the City of New York